

জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি :	শাহেদ পারভেজ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পাবনা
তারিখ :	২০ জানুয়ারি ২০১৯
স্থান :	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পাবনা
সময় :	বেলা ১২:১৫ মি.
উপস্থিতি :	সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর: বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

সভাপতি বলেন যে ইনোভেশনকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার বহুপরিচর। ইতোমধ্যে প্রণীত ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ বাস্তবায়ন করতে হবে, নিয়মিত ফলোআপ রাখতে হবে এবং প্রয়োজনে রেকর্ডকিট করতে হবে।


তিনি আরো বলেন যে, জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছানো নিশ্চিত করার লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের উদ্যোগে নাগরিক সেবা সহজীকরণের জন্য কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মকর্তাকে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ এবং দপ্তর প্রধানগণকে নিয়মিত উদ্যোগগুলো মেন্টরিং করার অনুরোধ জানান। এ জেলা হতে আরো বেশি বেশি জনসেবামূলক এবং শোকেসিং যোগ্য উদ্ভাবনী উদ্যোগ গৃহীত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর আজকের সভার আলোচ্যসূচী এবং উদ্ভাবনী উদ্যোগসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ বাস্তবায়ন ফলোআপ	পূর্ব থেকে চলমান কর্মপরিকল্পনা সমূহ বাস্তবায়নের পথে বিদ্যমান সমস্যা সমূহ চিহ্নিতকরণ ও সমস্যাসমূহ দূরীকরণে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	কমিটির সকল সদস্য উপজেলা নির্বাহী অফিসার (সকল)
উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে অর্থ বরাদ্দ	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে সকল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তাকে উদ্যোগ এবং এ থেকে কি পরিবর্তন আসবে তার সংক্ষিপ্ত বিবরণসহ চাহিত অর্থের পরিমাণ অত্র কার্যালয়ে অবহিত করতে হবে।	দপ্তর প্রধান (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল) উদ্যোগ গ্রহণকারী (সকল)
উদ্ভাবনী উদ্যোগের নিয়মিত আপডেট প্রেরণ	প্রতি তিন মাস পর পর (ফেব্রুয়ারি, মে, আগস্ট এবং নভেম্বর) মাসে উদ্ভাবনী উদ্যোগগুলোর সর্বশেষ অবস্থা জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে অত্র কার্যালয়কে অবহিত করার অনুরোধ জানানো হয়।	দপ্তর প্রধান (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল) উদ্যোগ গ্রহণকারী (সকল) কমিটির সদস্য (সকল)
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত	কর্মপরিকল্পনার আপডেটসমূহ নিয়মিত ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।	দপ্তর প্রধান (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল) উদ্যোগ গ্রহণকারী (সকল) কমিটির সদস্য (সকল)
গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা ও মেন্টরগণকে অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট উদ্যোগ গ্রহণকারীর বদলী/অবসরজনিত কারণে যাতে উদ্যোগগুলো বন্ধ হয়ে না যায় সে বিষয়ে সকলকে সজাগ থাকতে বলা হয়।	দপ্তর প্রধান (সকল)
উদ্ভাবনী পাইলট উদ্যোগগুলো তদারকি/মনিটরিং	প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ যাতে নিজ নিজ কর্মক্ষেত্রে গৃহীত উদ্ভাবনী পাইলট উদ্যোগগুলো সৃষ্টিভাবে বাস্তবায়নপূর্বক জনসাধারণের প্রত্যাশিত সেবা প্রদানে ভূমিকা রাখতে পারে সে লক্ষ্যে প্রকল্পগুলো তদারকির বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এ উদ্যোগগুলো নিয়মিত তদারকি/মনিটরিং করতে হবে।	দপ্তর প্রধান (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
রেপ্লিকেশন	সমাপ্ত হওয়া সফল পাইলট প্রকল্পগুলো রেপ্লিকেশন করতে হবে। চলমান পাইলট প্রকল্পগুলো সফলভাবে বাস্তবায়নের জন্য সার্বিক সহযোগিতা ও নিয়মিত মনিটরিং করতে হবে।	দপ্তর প্রধান (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
শোকেসিং যোগ্য উদ্ভাবনী উদ্যোগ	সভায় উপস্থিত সকলকে আরও বেশি করে শোকেসিং যোগ্য উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করার আহ্বান জানানো হয়।	দপ্তর প্রধান (সকল)

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ	কর্মক্ষেত্রের সমস্যাগুলো চিহ্নিত করে সেগুলো সহজে সমাধানের লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে।	দপ্তর প্রধান (সকল)
উপজেলা পর্যায়ে ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত	উপজেলা ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহীত কার্যক্রমসমূহ চলমান রাখতে বলা হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী	উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী নিয়মিত স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
গ্রীন ইকোনমি ও ইলেকট্রনিক বর্জ্য	উদ্ভাবনী পাইলট প্রকল্পসমূহ যেন পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব সৃষ্টি করতে না পারে সে জন্য ভবিষ্যতে উদ্ভাবনী পাইলট প্রকল্প গ্রহণের ক্ষেত্রে গ্রীন ইকোনমি ও ইলেকট্রনিক বর্জ্য ব্যবস্থাপনার বিষয়কে অগ্রাধিকার দিতে হবে।	দপ্তর প্রধান (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।


 শাহেদ পারভেজ
 অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
 ও
 জেলা ইনোভেশন অফিসার
 পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জেলা প্রশাসকের কার্যালয়
 আইসিটি শাখা, পাবনা
www.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০১৯.৩৭.০২৪.১৮-১১


তারিখ : ০৭ মাঘ ১৪২৫
 ২০ জানুয়ারি ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৪। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, পাবনা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১।
- ২।


 শাহেদ পারভেজ
 অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
 ও
 জেলা ইনোভেশন অফিসার
 পাবনা